ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-২১৬</u>

করবুক, ১৭ এপ্রিল, ২০২৫

**করবুক মহকুমায় ৪০০ হেক্টর জমিতে বোরো হাইব্রিড ধানচাষ**

রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় গত অর্থবছরে করবুক কৃষি মহকুমায় ৪০০ হেক্টর কৃষিজমি বোরো হাইব্রিড ধান চাষের আওতায় আনা হয়। এতে মোট ১ হাজার ৩৫৯ জন সুবিধাভোগী উপকৃত হয়েছেন। এ প্রকল্পে মোট ব্যয় হয়েছে ২১ লক্ষ ৭৯ হাজার ৭৩০ টাকা। এ প্রকল্পে সুবিধাভোগীকে সার, বীজ ও বিভিন্ন কৃষি সরঞ্জাম দিয়ে সহায়তা করা হয়েছে। এছাড়া রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় গত অর্থবছরে করবুক কৃষি মহকুমা এলাকায় মোট ১০ জন সুবিধাভোগীকে ১ লক্ষ টাকা ভর্তুকীতে ১০টি পাওয়ারটিলার দেওয়া হয়েছে। করবুক কৃষি তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******